

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৬৬-আইন/২০১৬/২৮/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) তে বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণ মূল্যভিত্তিক ১০% (দশ শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
95.08	9508.10.00	Travelling circuses
	9508.10.00	Travelling menageries
	9508.90.00	Adult bumper cars
	9508.90.00	Air ballon
	9508.90.00	Airborne shot
	9508.90.00	Drop & twist tower
	9508.90.00	Family coaster
	9508.90.00	Family swinger
	9508.90.00	Ferris wheel
	9508.90.00	Fiber glass boat
	9508.90.00	Flying bus
	9508.90.00	Flying horse
	9508.90.00	Freak shows
	9508.90.00	Hammer
	9508.90.00	Jungle Carrousel
	9508.90.00	Kids play
	9508.90.00	Kite flying
	9508.90.00	Kiddie wheel

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
	9508.90.00	Lotteries (e.g. wheel of fortune)
	9508.90.00	Mazes
	9508.90.00	Midi Dance party 360 ⁰
	9508.90.00	Mini convoy
	9508.90.00	Mini jet
	9508.90.00	Mini top spin
	9508.90.00	Mini tower
	9508.90.00	Pirate
	9508.90.00	Pirate ship
	9508.90.00	Reverse time
	9508.90.00	Roundabouts
	9508.90.00	Scenic railways and slides
	9508.90.00	Self control plane
	9508.90.00	Shaking head fly chair
	9508.90.00	Shooting galleries
	9508.90.00	Slide aquatube
	9508.90.00	Slide multiside
	9508.90.00	Slide rocket free fall
	9508.90.00	Slide space boat
	9508.90.00	Slide turbo lance
	9508.90.00	Start platform
	9508.90.00	Swing tower
	9508.90.00	Swinging boats
	9508.90.00	Swings
	9508.90.00	Tip a canoe
	9508.90.00	Travelling theatres
	9508.90.00	Treasure cups
	9508.90.00	Water-chutes
	9508.90.00	Wide slide
	9508.90.00	Zero Gravity

শর্তসমূহঃ

- (ক) আবেদনকারীকে বিনোদন পার্ক (Amusements park) হিসেবে মূসক নিবন্ধিত হইতে হইবে।
- (খ) বিনোদন পার্ক স্থাপনের পরবর্তী সময়ে কোন পণ্য প্রস্তাবিত প্রজ্ঞাপনের আওতায় আমদানি ও খালাস করিতে হইলে নিয়মিত মূসক পরিশোধ ও হালানাগাদ রিটার্ন দাখিল করা হইয়াছে এবং প্রতিষ্ঠানের নিকট নিরঙ্কুশ

(মামলাবিহীন) কোন বকেয়া নেই মর্মে সংশ্লিষ্ট মূসক বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে পরিশিষ্ট 'ক' অনুযায়ী প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক পণ্য শুদ্ধায়নকালে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে।

- (গ) বিনোদন পার্কটি যে জেলায় অবস্থিত সেই জেলার সরকারি ও বেসরকারি এতিমখানার শিশুদের প্রতি বৎসর ন্যূনতম দুই দিন বিনামূল্যে পার্কে প্রবেশ ও রাইড ব্যবহারের সুযোগ প্রদান করিতে হইবে।
- (ঘ) সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক নির্বাচিত বা মনোনীত ১০০ জন অসহায় ও দরিদ্র শিশুদের প্রতি বৎসর ন্যূনতম দুই দিন বিনামূল্যে পার্কে প্রবেশ ও রাইড ব্যবহারের সুযোগ প্রদান করিতে হইবে।

পরিশিষ্ট-ক

প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, -----
(আমদানিকারক প্রতিষ্ঠানের সম্পূর্ণ ঠিকানা) এই মূসক বিভাগের অধীন বিনোদন পার্ক (শিশু পার্ক/ওয়াটার পার্ক/অন্যান্য) পরিচালনাকারী হিসাবে মূসক নিবন্ধিত। প্রতিষ্ঠানটি নিয়মিত মূসক পরিশোধ ও রিটার্ন দাখিল করেন/করেন না। প্রতিষ্ঠানটির নিকট এই দপ্তরের কোন নিরঙ্কুশ বকেয়া পাওনা নেই।

স্বাক্ষর :

তারিখ :

নাম :

পদবি : বিভাগীয় কর্মকর্তা

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ-----

সিল :

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ নজিবুর রহমান)

সিনিয়র সচিব।